তারিখ 29.6.83
পৃষ্ঠা 1 কলাম 3

ইত্তেফাক

142

059

# সাক্ষরতার হার বৃদ্ধির কর্মসূচী গ্রহণ করা হইয়াছে —শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী ডঃ আবদুল মজিদ খান এনার সহিত এক সাক্ষাৎকারে বলেন যে, ১৯৮৮ সালের মধ্যে সাক্ষরতার হার ৫০ ভাগ পর্যন্ত বৃদ্ধির জন্য সরকার একটি কর্মসূচী গ্রহণ করিয়াছেন। তিনি বলেন, এখন হইতেই সমন্বিত প্রচেষ্টা গ্রহণ করা হইলে আগামী ১০ বৎসরের মধ্যে দেশ নিরক্ষরতার অভিশাপ মুক্ত হইতে পারে।

তিনি বলেন, নিরক্ষরতা দূরীকরণ কর্মসূচীতে ছাত্রদের বিনামূল্যে বই সরবরাহ, সকল প্রাথমিক বিদ্যালয়ে আসবাবপত্র সরবরাহ, ছেলেমেয়েদের স্কুলে পাঠানোর জন্য অভিভাবকদের উদ্বুদ্ধকরণ, মানসম্মত কারিকুলাম চালু এবং প্রশিক্ষণের মাধ্যমে শিক্ষাদান পদ্ধতির মান উন্নয়ন ইত্যাদি রহিয়াছে। মন্ত্রী বলেন, এই সকল কর্মসূচী বাস্তবায়ন হইলে আগামী ৫ বৎসরের মধ্যে সাক্ষরতার হার বৃদ্ধির উক্ত লক্ষ্য [illegible]